WE ARE YOUR DOL

NEW YORK STATE | Department of Labor

# বেকারত্ব বিমার জন্য কাজ খোঁজার পরিকল্পনা

**নাম:**__________________________________________ OSOS আইডি #: __________________

1.☐ আমি বুঝতে পারছি যে আমার কী করা আবশ্যক:

- প্রস্তুত থাকা, ইচ্ছুক হওয়া ও কাজ করায় সক্ষম হওয়া এবং আমি যে সপ্তাহের সুবিধার দাবি জানাবো সেই সময় সক্রিয়ভাবে কাজ খুঁজতে থাকা;
- "কাজ খোঁজার সুশৃঙ্খল ও ক্রমাগত প্রয়াসে" নিয়োজিত থাকা, যার অর্থ হল, আমার এই কাজ খোঁজার পরিকল্পনায় লেগে থাকা আবশ্যক এবং আমি বুঝতে পেরেছি যে আমার কোন প্রকারের কাজের খোঁজ করা ও গ্রহণ করা আবশ্যক;
- JobZone-এ অনলাইনে কাজের খোঁজ করার রেকর্ড, নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের কাজের খোঁজ করার রেকর্ডের ফর্ম, WS 5 অথবা প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত রয়েছে আমার তৈরি এমন অনুরূপ কোনও কাজের খোঁজ করার রেকর্ড ব্যবহার করে আমার প্রতি সপ্তাহের কাজ খোঁজার কাজকর্মের একটি বিস্তারিত রেকর্ড রাখা;
- আমার এক বছরের কাজের খোঁজ করার একটি রেকর্ড রাখা এবং অনুরোধ করলে সেগুলিকে শ্রম বিভাগের কাছে প্রাপ্তিযোগ্য করা

2.☐ আমি আমার যা প্রশিক্ষণ এবং/অথবা অভিজ্ঞতা রয়েছে সেই অনুযায়ী যুক্তিসঙ্গতভাবে উপযুক্ত কাজের খোঁজ করবো ও তা গ্রহণ করবো।

আমি অন্তত এটি করব:_________চাকরি খোঁজা সংক্রান্ত ক্রিয়াকলাপ।

3.☐ আমি বুঝেছি যে আমার সেই কাজ গ্রহণ করতে অস্বীকার না করা আবশ্যক যা আমাকে অন্ততপক্ষে অনুরূপ কাজের জন্য বেকারত্ব বিমার "ন্যূনতম" মজুরি প্রদান করে, এমনকি যদি তা আমার শেষ চাকরিতে আমি যা উপার্জন করতাম তার চেয়ে কম অথবা আমি যে বেতন পেতে চাই তার চেয়ে কমও হয়। শ্রম দপ্তরের ওয়েবসাইট থেকে আমি বিরাজমান শ্রম হারের তথ্য পেতে পারি https://statistics.labor.ny.gov/uiwages.shtm.

4.☐ আমি এটা বুঝি যে 10টি পূর্ণ সপ্তাহের সুবিধার দাবি করার পর আমার নিজের কাজর খোঁজ আরও ব্যাপকভাবে করা আবশ্যক। আমাকে অবশ্যিকভাবে আমি সম্পাদন করতে পারি এমন যে কোনও কাজ গ্রহণ করতে ইচ্ছুক হতে হবে, এমনকি যদি সেই প্রকারের কাজ করার জন্য আমার কোনও প্রশিক্ষণ বা অভিজ্ঞতা নাও থেকে থাকে। আমি সেই ধরণের কাজ ততক্ষণ পর্যন্ত গ্রহণ করবো যতক্ষণ তা সেই পেশার বেকারত্ব বিমার "ন্যূনতম" মজুরি **এবং** অন্ততপক্ষে আমার প্রারম্ভিক সময়কালের ত্রৈমাসিক মজুরির 80% এর মধ্যে যেটি বেশি হয় তা প্রদান করে।

5.☐ আমি অবিলম্বে কাজ শুরু করার জন্য প্রস্তুত।

6.☐ আমি **পূর্ণ সময়ের** কাজের খোঁজ করতে সম্মত হচ্ছি।

**দ্রষ্টব্য**: আপনার গত 18 মাসের মধ্যে অন্তত **ছয়মাসে** আংশিক সময়ের চাকরি করার ইতিহাস না থাকলে আপনার পূর্ণ সময়ের কাজ না চাওয়ার বা গ্রহণ না করার ক্ষেত্রে আপনাকে সুবিধা দেওয়া প্রত্যাখ্যান করা হতে পারে। যদি আপনি পূর্ণ-সময়ের কাজ না খুঁজে থাকেন, তাহলে এখানে কেন এসেছেন তা ব্যাখ্যা করুন: __________________________

______________________________________________________________________

7.☐ আমি একঘণ্টার বেসরকারি পরিবহণে বা দেড়ঘণ্টার সরকারি পরিবহণে যাত্রা করে কাজে যেতে ইচ্ছুক।

8.☐ আমার কাজের খোঁজ করার ও কাজে যাওয়ার পরিবহণের উপায় রয়েছে। আমার পরিবহণের মধ্যে রয়েছে:

☐ বেসরকারি যানবাহন ☐ সরকারি পরিবহন ☐ অন্যান্য।. যদি অন্য কিছু থাকে, অনুগ্রহ করে বর্ণনা করুন: _______

9.☐ আমি আমার কাজের খোঁজ করার বর্ণিত কৌশল ও পথ অনুসরণ করবো। এটা আমার দক্ষতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও ব্যক্তিগত পরিস্থিতির ভিত্তিতে তৈরি করা হয়েছে। এতে আমার চাকরির কোনও সীমাবদ্ধতা বা কাজের খোঁজ করার কোনও বাধা থেকে থাকলে তাও বিবেচনা করা হয়েছে।

অতিরিক্ত মন্তব্যসমূহ: ____________________________________________________

______________________________________________________________________

10. আমি নিম্নলিখিত কাজের খোঁজ করার কাজকর্ম করতে ও নিম্নলিখিত কাজ খোঁজার সরঞ্জাম প্রয়োগ করতে সম্মত হচ্ছি। আমি বুঝতে পেরেছি যে সুবিধার জন্য শংসায়িত চাকরি খোঁজা সম্বন্ধিত ক্রিয়াকলাপগুলিকে আমায় প্রতি সপ্তাহে করতে হবে এবং তার রেকর্ড রাখতে হবে। (প্রযোজ্য সবগুলিতে টিক দিন)

1) ▣ শ্রম দপ্তর দ্বারা প্রদত্ত ভার্চুয়াল পেশা কেন্দ্রের প্ল্যাটফর্মের মাধ্যমে আমার স্থানীয় পেশা কেন্দ্রে উপলব্ধ কর্মসংস্থানের রিসোর্স ব্যবহার করুন, যেমন:
   - পেশা কেন্দ্রের পরামর্শদাতাদের সঙ্গে দেখা করা;
   - কোনও নির্দিষ্ট বিভাগের বা অঞ্চলে চাকরির উপলভ্যতার ব্যাপারে খোঁজ নেওয়ার জন্য পেশা কেন্দ্রের কর্মীদের সাথে যোগাযোগ করুন;
   - পেশাগত ম্যাচিংয়ের জন্য দক্ষতা মূল্যায়নের অংশগ্রহণ করুন।
   - নির্দেশমূলক কর্মশালায় অংশগ্রহণ করা; এবং
   - পেশা কেন্দ্র থেকে চাকরির রেফারেল এবং চাকরির মিলের ব্যাপারে নিয়োগকর্তাদের সাথে ফলো আপ করুন।

2) ☐ নিয়োগকর্তা বা পূর্ব নিয়োগকারীদের কাছে চাকরির আবেদন এবং/অথবা রেজিউমে জমা দিন যাদের কাছে শুন্যপদ থাকার সম্ভাবনা রয়েছে।

3) ☐ কাজের খোঁজ করার আলোচনাসভায়, পেশাগত নেটওয়ার্কিং এর বৈঠকে, চাকরির মেলায় বা চাকরি খোঁজার দক্ষতা উন্নত করার নির্দেশ পেশ করে এমন চাকরি সংক্রান্ত কর্মশালায় উপস্থিত থাকা।

4) ☐ সম্ভাব্য কর্মচারীদের সাথে সাক্ষাৎকার।

5) ☐ বেসরকারি বা সরকারি চাকরি, সিভিল সার্ভিস পরীক্ষাসহ প্রভৃতির জন্য রেজিস্টার করুন, আবেদন করুন, অথবা চাকরি সংক্রান্ত বা প্রি-হায়ার পরীক্ষা দিন।

6) ☐ বেসরকারি নিয়োগ সংস্থা, নিয়োগ পরিষেবা, ইউনিয়ন এবং স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের নিয়োগ দপ্তর এবং/অথবা পেশাদারী সংস্থাগুলিতে রেজিস্টার ও চেক ইন করা।.

7) ☐ টেলিফোন, বিজনেস ডিরেক্টরি, ইন্টারনেট, সোশ্যাল মিডিয়া, বা অনলাইন চাকরি খোঁজার সিস্টেম ব্যবহার করুন চাকরি, লিড, রেফারেলের অনুরোধ, বা চাকরির ইন্টারভিউয়ের জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে।

8) ☐ কর্মসংস্থান প্রাপ্তির ক্ষেত্রে সহায়ক হতে পারে এরকম আর কোনও যুক্তিসংগত ক্রিয়াকলাপ।

☐ অন্যান্য/টীকা: ____________________

**শংসায়ন**

আমি এতে সম্মত হচ্ছি:

- ✓ উপরের যা নির্দেশ করা রয়েছে সেই অনুসারে প্রতি সপ্তাহে সক্রিয়ভাবে কাজের খোঁজ করতে ও আমার খোঁজ করার প্রয়াসের রেকর্ড রাখতে;
- ✓ কোনও সপ্তাহের জন্য সুবিধার দাবি করার আগে আমার প্রতি সপ্তাহের কাজের খোঁজ করার পরিকল্পনার পর্যালোচনা করতে এবং আমার স্থানীয় পেশা কেন্দ্রে উপরের অবস্থাগুলির কোনোরকম বদলের ক্ষেত্রে তা দ্রুত রিপোর্ট করতে।

আমি এটাও স্বীকার করছি যে:

- ✓ আমি কাজের খোঁজ করার পরিকল্পনা ও কাজের খোঁজ করার রেকর্ডের ফর্মগুলির পর্যালোচনা করেছি ও সেগুলি বুঝেছি।
- ✓ আমি বুঝেছি যে আমার সকল নির্ধারিত সাক্ষাতে, কর্মশালায়, ক্লাসে ও চাকরির নিয়োগে উপস্থিত থাকা আবশ্যক।
- ✓ আমি পেশা কেন্দ্র দ্বারা নির্ধারিত যাবতীয় সাক্ষাতে রিপোর্ট করবো এবং আমি তা না করলে আমার বেকারত্ব বিমার সুবিধা আটকে রাখা হতে পারে।
- ✓ অনুরোধ করা হলে আমি আমার কাজের খোঁজ করার রেকর্ড হিসাবপরীক্ষার জন্য জমা দেবো এবং আমি তা না করলে আমার বেকারত্ব বিমার সুবিধা আটকে রাখা হতে পারে।
- ✓ আমি বুঝেছি যে আমি আমার কাজের খোঁজ করার রেকর্ডে যে সকল যোগাযোগের রিপোর্ট করছি সেগুলি শ্রম বিভাগ দ্বারা পরীক্ষা করা হতে পারে।
- ✓ আমার কাজের খোঁজ করার রেকর্ডে কোনো ইচ্ছাকৃত মিথ্যা বিবৃতি থাকলে তা প্রতারণা বলে বিবেচিত হবে। আমি বেকারত্ব বিমার সুবিধা পেতে জ্ঞানত কোনো মিথ্যা বিবৃতি দিলে সেই সুবিধাগুলি আটকে রাখা হতে পারে এবং শাস্তি আরোপ করা হতে পারে। এই শাস্তির মধ্যে পড়ে আদালতে অভিযুক্ত করা।

আমি প্রত্যয়িত করছি যে আমি এই কাজের খোঁজ করার পরিকল্পনায় থাকা তথ্যের পর্যালোচনা করেছি। **আমি এটা বুঝেছি যে আমি এই পরিকল্পনার সংস্থানগুলি প্রতিপালন না করলে আমি বেকারত্ব বিমার সুবিধা পাওয়ার যোগ্য নাও হতে পারি।**

উপভোক্তার স্বাক্ষর:____________________ তারিখ:__________

আমি এই প্ল্যানটির বিকাশ এবং পর্যালোচনা করতে উপভোক্তার সাথে দেখা করেছিলাম।

কর্মীদলের পরামর্শদাতা:____________________ তারিখ:__________

পেশা কেন্দ্রের অবস্থান: ____________________